

সংবাদ বিবৃতি

আরমানিটোলায় রাসায়নিক গুদামে আগুনে চারজনের মৃত্যু এবং ২১ জন আহত :
হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এর তীব্র ক্ষোভ
এবং দ্রুততার সাথে আবাসিক এলাকা থেকে রাসায়নিক দ্রব্যাদি সরানোর জোর দাবি

[২৪ এপ্রিল ২০২১, ঢাকা] আবারো রাজধানীর পুরান ঢাকায় রাসায়নিক পদার্থের দোকান বা গুদাম থেকে সৃষ্ট অগ্নিকাণ্ডে প্রাণহানির ঘটনা ঘটলো। আরমানিটোলায় ছয়তলা একটি ভবনের নিচতলায় রাসায়নিকের গুদামে আগুন লাগলে ভবনটিতে বসবাসরত এক নারীসহ চার জনের মৃত্যু হয়েছে এবং আহত হয়েছেন প্রায় ২১ জন। আগুন নেভানোর সময় বিস্ফোরণে ছিটকে পড়ে ফায়ার সার্ভিসের চারজন কর্মীও আহত হয়েছেন। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এ ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছে। একই সাথে উচ্চ আদালতের নির্দেশনা অমান্য করে পুরান ঢাকা থেকে রাসায়নিক দ্রব্যাদি না সরানোয় এমন প্রাণহানির ঘটনা ঘটে চলেছে বলে ফোরাম মত ব্যক্ত করেছে।

জানা গেছে, ভবনটির নিচতলা জুড়ে রাসায়নিক দ্রব্যের ১৮টি দোকান রয়েছে যার একটি থেকে আগুনের সূত্রপাত হয় বলে ধারণা করা হচ্ছে। এ দোকানগুলোর কোনো ট্রেড লাইসেন্স ছিলো না, ব্যবসায়ীরা অবৈধভাবে এ ব্যবসা চালিয়ে আসছিলেন। অন্যদিকে ভবনটির কোনো নিরাপত্তা ব্যবস্থা ছিলো না। প্রশ্ন হচ্ছে, ট্রেড লাইসেন্স ছাড়াই কিভাবে এ ব্যবসায়ীরা তাদের ব্যবসা পরিচালনা করে আসছেন, এতো বিপুল পরিমাণে রাসায়নিক দ্রব্যাদি আমদানি ও গুদামজাত করছেন!

২০১০ সালে নিমতলীর ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় ১২৪ জন নিহত হওয়ার পর আসক, ব্লাস্ট, বেলা ও অন্যান্যদের জনস্বার্থে মামলার প্রেক্ষিতে উচ্চ আদালত পুরান ঢাকার আবাসিক ভবনগুলো থেকে রাসায়নিক দ্রব্যাদি নিরাপদ স্থানে সরিয়ে নেয়ার জন্য নির্দেশনা প্রদান করলেও, ২০১৯ সালে চূড়িহাট্টার ঘটনা প্রমাণ করে এক্ষেত্রে কোনো অগ্রগতিই ঘটেনি। পুরান ঢাকার মানুষ সর্বোপরি পুরো ঢাকা একটি অগ্নিকাণ্ডের মধ্যে রয়েছে, যে কোন সময় যেখানে ভয়াবহ বিপর্যয় ঘটতে পারে। ফোরাম লক্ষ্য করেছে, চূড়িহাট্টার অগ্নিকাণ্ডের পর সরকারের বিভিন্ন কর্তৃপক্ষের পক্ষ থেকে এসব গুদাম সরানোর জন্য বেশ তোড়জোড় শুরু হলেও তা কিছুদিন পর স্তিমিত হয়ে পড়ে। অবস্থাদৃষ্টে মনে হচ্ছে, গুটিকয়েক মানুষের ব্যবসায়িক স্বার্থের কাছে জিম্মি হয়ে পড়েছে বৃহত্তর জনস্বার্থ।

এইচআরএফবি মনে করে, উচ্চ আদালতের নির্দেশনা বাস্তবায়ন করা গেলে এই অগ্নিকাণ্ডের ঘটনায় ঘটা প্রাণহানি এড়ানো যেত। এই মর্মান্তিক অগ্নিকাণ্ড আবারো প্রমান করেছে, পুরান ঢাকা থেকে রাসায়নিক গুদাম ও প্রক্রিয়াজাতকরণ স্থাপনা স্থানান্তরের ক্ষেত্রে সমন্বিত পরিকল্পনা, সচেতনতা ও বাস্তবায়নের ক্ষেত্রে গাফিলতি বিদ্যমান। ফোরামের পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে নিম্নোক্ত দাবি জানানো হচ্ছে-

১. অনুমোদন না থাকা সত্ত্বেও এসব ব্যবসায়ীরা কিভাবে রাসায়নিক পদার্থ রেখেছে তা খতিয়ে দেখা এবং দায়িত্বে অবহেলার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জবাবদিহিতার আওতায় আনা;
২. অনতিবিলম্বে তদন্ত কমিটি গঠন করে উচ্চ আদালতের সিদ্ধান্ত বাস্তবায়নে ধীর গতির কারণ অনুসন্ধান করে দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া;

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), **Bandhu Social Welfare Society (BSWS)**, Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

৩. আহতদের চিকিৎসার সুব্যবস্থা নিশ্চিত করাসহ নিহত ও আহতদের পরিবারের জন্য যথাযথ ক্ষতিপূরণ নিশ্চিত করা;
৪. ভবিষ্যত এমন বিপর্যয়রোধে ফোরাম সরকারের কাছে উপযুক্ত আর্থিক ও পুনর্বাসনের ব্যবস্থা নিশ্চিত করার মাধ্যমে রাসায়নিক কারখানা, প্রক্রিয়াজাতকরণ স্থাপনা ও গুদাম অন্যত্র স্থানান্তর করার জন্য দ্রুততার সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

এছাড়া এ সংক্রান্ত নির্দেশনার যথাযথ বাস্তবায়ন না হওয়ায় ফোরাম উচ্চ আদালতের কাছে এ বিষয়ে জরুরি ভিত্তিতে শুনানি করার এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানাচ্ছে।

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), **Bandhu Social Welfare Society (BSWS)**, Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).